



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ১০৯/২২


তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ  
৩০ জুন ২০২২ খ্রিস্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : উগ্রবাদ প্রতিরোধে করণীয় সম্পর্কে এন্টি টেররিজম ইউনিট ও বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির মতবিনিময় সভা।

আজ ২৯ জুন ২০২২ খ্রি. বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি (বাপুস) এর লেকচার অডিটোরিয়ামে উগ্রবাদ প্রতিরোধে পুস্তক প্রকাশনা ও বিক্রয়ের সাথে সম্পর্কিত ব্যক্তিবর্গের মধ্যে জনসচেতনতা সৃষ্টি ও উগ্রবাদ প্রতিরোধে করণীয় সম্পর্কে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় এন্টি টেররিজম ইউনিটের পক্ষ থেকে পুলিশ সুপার (ইন্টেলিজেন্স) জনাব এম, এম হাসানুল জাহীদ, বিপিএম (বার), পিপিএম বিভিন্ন সময়ে শ্রেফতার হওয়া জঙ্গীদের কাছে যে-ধরনের উগ্রপন্থী বই-পুস্তিকা পাওয়া গেছে এবং যাচ্ছে তার বিস্তারিত তুলে ধরেন। তিনি বলেন - উগ্রবাদ প্রতিরোধ ও বিস্তার উভয় ক্ষেত্রেই বই বিশেষ ভূমিকা রাখছে। প্রকাশক অনেক সময় ভালোভাবে না জেনে ধর্মীয় বই ভেবে উগ্র মতাদর্শী বই ছাপেন, বিক্রেতা ও পরিবেশকগণ তা বিক্রি করেন। বিশেষ করে সাম্প্রতিক সময়ে উগ্রবাদী গোষ্ঠী বিদেশী বই/ ম্যাগাজিনের বাংলা অনুবাদ উগ্রবাদী প্রচার- প্রচরণার ব্যাপকভাবে ব্যবহার করছে। তিনি পুস্তিকা প্রকাশনার সাথে জড়িত সকলকে এ বিষয়ে সচেতনতা অবলম্বন ও বিশেষ গুরুত্বারোপ করার কথা বলেন।

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি জনাব আরিফ হোসেন ছোটনের সভাপতিত্বে এ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন এন্টি টেররিজম ইউনিটের অতিরিক্ত পুলিশ সুপার জনাব মো: আখিউল ইসলাম, পিপিএম; সহকারী পুলিশ সুপার জনাব মো: সালাহউদ্দিন, পিপিএম; বাপুস পরিচালক জনাব মো: গোলাম এলাহী জায়েদ; বাংলাবাজার মার্কেট সভাপতি ; কম্পিউটার মার্কেট সভাপতি; পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহ-সভাপতি ; সাধারণ সম্পাদক; সদস্যবৃন্দ প্রকাশক ও বিক্রেতা সংস্থার প্রতিনিধিবৃন্দ।



৩০/০৬/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)